গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল,মৌলভীবাজার।
E-mail : useosrimangal@gmail.com
seo.sreemangal.moulvibazar.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

ভিশন : মানসম্মত শিক্ষা।

লক্ষ্যে ও উদ্দেশ্য : একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা, টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রাকে সামনে রেখে সাধারণ, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও নৈতিকতা সম্পন্ন মানব সম্পদ সৃষ্টি।

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | একাডেমিক ও প্রশাসনিক তত্ত্বাবধান ও পরিদর্শন | সম্পন্ন কার্যক্রম শেষ হতে ১৪-১৫ দিন সময় প্রয়োজন হয়। কিন্তু প্রতিষ্ঠান পরিদর্শন করে তা রিপোর্ট প্রদানে ১-২ দিন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশে/ অনুমোদন সাপেক্ষে প্রস্তুতকৃত পরিদর্শন সূচি অনুযায়ী অত্র দপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস্টার অনুযায়ী পরিদর্শন করা হয়। পরিদর্শন কখনো আকস্মিক বা পূর্বে অবহিত করা হয়। নিয়মিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক পরিদর্শন, মনিটরিং করে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক রিপোর্ট তৈরি করে প্রেরণ নিশ্চিত করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার<br>ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com<br>জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার<br>ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com |
| ০২ | পাঠ্যপুস্তক বিতরণ | পাঠ্যপুস্তক বিতরণ ১-৩ দিনই সম্পন্ন হয়, তবে পুরো প্রক্রিয়া প্রতি বছরের মাসে ডিসেম্বর মধ্যে সম্পাদন। | উর্ধ্বতন কর্তৃপক্ষের পত্র প্রাপ্তির নির্দেশনা মোতাবেক প্রতিবছর নির্ধারিত সময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক পাঠ্যপুস্তকের চাহিদা চেয়ে পত্র প্রেরণ করা হয়। অত্র দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট চাহিদা প্রেরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক সকল চাহিদা একত্রিত করে মোট চাহিদা জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এনসিটিবিতে Online-এ প্রেরণ প্রক্রিয়া নিশ্চিত হয়। নির্ধারিত ছকে মাধ্যমিক পর্যায়ের বাংলা ভার্সন, ইংরেজি ভার্সন, দাখিল ও ইবতেদায়ি ও অন্যান্য স্তরের মোট চাহিদার হার্ডকপি জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ নিশ্চিত করা হয়। এনসিটিবি কর্তৃক সরবরাহকৃত পাঠ্যপুস্তক উপজেলায় গুদামজাত করা হয়। পরবর্তীতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটির সভা করে পাঠ্যপুস্তক বিতরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর অনুমোদিত সিডিউল মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক পাবলিশার্স থেকে বই প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান-প্রধানগণের মাধ্যমে শিক্ষার্থীদের নিকট বই বিতরণ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | নীতিমালা অনুসারে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করণ | নির্দেশনা মোতাবেক এমপিওভুক্ত পুরো কার্যক্রম শেষ হতে ৩০ দিন সময় লাগবে | Institute Head: প্রতিষ্ঠান কর্তৃক এমপিও সংক্রান্ত অনলাইন আবেদন প্রতি বিজোড় মাসের (জানুয়ারি, মার্চ, মে, জুলাই, সেপ্টেম্বর ও নভেম্বর) শেষ দিনের মধ্যে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এমপিও সংক্রান্ত প্রাপ্ত অনলাইন আবেদনগুলো যাচাই- বাছাই পূর্বক প্রতি জোড় মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন। DEO: জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রাপ্ত এমপিও সংক্রান্ত প্রাপ্ত অনলাইন আবেদনগুলো যাচাই- বাছাই পূর্বক প্রতি জোড় মাসের ১২ (বার) তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন। DD: উপপরিচালক (মাধ্যমিক), জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রাপ্ত এমপিও সংক্রান্ত প্রাপ্ত অনলাইন আবেদনগুলো যাচাই-বাছাই পূর্বক প্রতি জোড় মাসের শেষ দিনের মধ্যে নিষ্পত্তি করবেন। MOE EMIS Cell: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা প্রতি বিজোড় মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে অঞ্চল হতে অনুমোদিত অনলাইন আবেদন পুন: যাচাই করে এমপিও সভা আহবান করেন।<br>সুত্র: (ক) শিক্ষক/কর্মচারী নিয়োগ বিধি নীতিমালা (খ) শিক্ষক/কর্মচারী এমপিওভুক্তি বিধি নীতিমালা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com |
| ০৪ | শিক্ষার গুণগত মান সংরক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম | ১০ দিন | শিক্ষার গুণগত মান সংরক্ষণ ও মানোন্নয়নে জন্য নিয়মিত পরিদর্শন, একাডেমিক সুপার-ভিশন, শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থী সভাবেশ অংশগ্রহণসহ সমন্বয় সভা অনুষ্ঠান, প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয় সভা অনুষ্ঠান ও ক্লাস্টার গঠনকরণ ইত্যাদি। শিক্ষকদের জন্য পর্যান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করণের সহযোগিতা এবং অবকাঠামোগত উন্নয়ন ও উন্নত শিক্ষা সরঞ্জাম নিশ্চিতকরা সহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |
| ০৫ | শিক্ষক প্রশিক্ষণ | প্রশিক্ষণে প্রেরণের জন্য ৬-৭ | আবেদনের প্রেক্ষিতে অথবা কর্তৃপক্ষের নির্দেশে বিষয়ভিত্তিক প্রণয়ন করে প্রশিক্ষণের তারিখ ও স্থানের বিষয়ে শিক্ষকদের পত্র মারফত অবহিত করা হয়। অতঃপর শিক্ষকগণ প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনাখরচে, প্রশিক্ষণার্থীকে বিধি মোতাবেক টিএ/ডিএ প্রদান করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ০৬ | বিভিন্ন তদন্তের অভিযোগ | ০৭ দিন | মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট যে কোন অভিযোগ উর্ধ্বতন কর্তৃপক্ষের পত্র বা মৌখিক নির্দেশনা অনুযায়ী অভিযোগ প্রাপ্তির পর ৭ (সাত) দিন সময় বাদী ও বিবাধীকে নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত দিনে শুনানি নিয়ে প্রয়োজনে সরোজমিনে পরিদর্শন পূর্বক এবং নথি ও সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর ই-মেইল এবং বাহক মারফত হার্ড কপি প্রেরণ নিশ্চিত করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com |
| ০৭ | মাসিক সভা | ১ (এক) দিন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩ (তিন) মাসে একবার প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন করেন। সভার জন্য তিনি নোটিশ জারি এবং জেলা শিক্ষা অফিসার মহোদয়সহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়। সভার দিন শিক্ষার সার্বিক মানোন্নয়ন বিষয়ে মূল্যায়ণ করা হয়। প্রতি সভায় পূর্বের সিদ্ধান্তসমূহের অগ্রগতি মূল্যয়ন পূর্বক পুনঃসিদ্ধান্ত গ্রহণ এবং মনিটরিং এর মাধ্যমে সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করা হয়। এ সংক্রান্ত প্রতিবেদন জেলা শিক্ষা অফিসার মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |
| ০৮ | উন্নয়ন কার্যক্রম | উন্নয়ন কার্যক্রমের মেয়াদ পর্যন্ত তদারকি চলে তবে এ সংক্রান্ত প্রতিবেদন পেতে ০১ (এক) দিন সময় প্রয়োজন | সরকারি অর্থায়নে উন্নয়নের জন্য নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নকাজ তদারকি এবং কাজের গুনগতমান নিশ্চিতকল্পে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সাথে সমন্বয় সাধন, সুপারিশ প্রণয়ন এবং সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। উন্নয়নের আওতা বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান অবকাঠামো এবং শিক্ষার্থীর সংখ্যা নিরিখে প্রয়োজনীয় ভৌত সুবিধাদি পর্যালোচনা পূর্বক ভবিষ্যত উন্নয়ন প্রকল্পে অন্তর্ভূক্তির লক্ষ্যে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং সম্পাদিত কাজের বিষয়ে মতামহসহ পরবর্তীতে প্রতিবেদন প্রদান করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |
| ০৯ | শিক্ষক/কর্মচারী নিয়োগ কার্যক্রম | আনুমানিক ২৫-৩০ দিন | মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হলো ম্যানেজিং কমিটি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়োগকালীন সময়ে পত্র মারফত আমন্ত্রিত বা নিয়োগ পরীক্ষার কমিটির সদস্য হিসেবে উপস্থিত থেকে সরকারি প্রজ্ঞাপনের আলোকে নিয়োগ কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১০ | শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি কার্যক্রম | ১ দিন | নীতিমালার আলোকে শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তির তালিকা প্রস্তুত করে অনলাইনে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত তালিকা যাচাই করে অনলাইনে সমন্বিত উপবৃত্তি কর্মসূচী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণ করা হয়। পিএমইটিতে তথ্য যাচাই করে অতি দরিদ্র শিক্ষার্থী বাচাই করে উপবৃত্তির জন্য যোগ্য শিক্ষার্থী নির্বাচন করে শিক্ষার্থীদের একাউন্টে উপবৃত্তির টাকা প্রেরণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার /hsp-mis; www.pmeat.gov.bd | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com |
| ১১ | সহ-শিক্ষা কার্যক্রম | সারা বছর তদারকি চলবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শীতকালীন ও গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা বাস্তবায়নের জন্য সার্বিক ব্যবস্থা করেন। শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা, জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা, এবং বিভিন্ন জাতীয় দিবস আয়োজন করা হয়। সারা বছর শিক্ষা প্রতিষ্ঠান ক্রীড়া, সংস্কৃতি, স্কাউটিং, বির্তক চর্চা হচ্ছে কিনা তা মনিটরিং এর মাধ্যমে বাস্তবায়ন এবং এ বিষয় প্রতিবেদন জেলা শিক্ষা বরাবর প্রেরণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |
| ১২ | অভ্যন্তরীন পরীক্ষার সময়সূচি, সিলেবাস, অনুমোদিত পাঠ্যপুস্তক ইত্যাদি | সারা বছর তদারকি চলবে | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পরীক্ষার চলমান বা সম্পন্ন হয়েছে কিনা এবং পঠিত সিলেবাস অনুযায়ী মূল্যায়ন ও মানবন্টন ইত্যাদি পরিদর্শন করা হয়। এনসিটিবি কর্তৃক অনুমোদিত পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলমান আছে কিনা ইত্যাদি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |
| ১৩ | শুমারি/ডাটা সংগ্রহ | তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত সময় পর্যন্ত তদারিক চলে তবে এ সংক্রান্ত তথ্য পেতে ২ দিন লাগে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ই.এম.আই.আই.এস. সেল, ব্যানবেইস নির্দেশিত শুমারি/জরিপ স্টাডি, শিক্ষক জরিপ, প্রকল্পের তথ্য সংগ্রহ, তথ্যানুসন্ধান, কর্মশালা, ডাটা মনিটরিং, স্থানীয় প্রশিক্ষণ ফোকাস গ্রুপ ডিসকাশন ইত্যাদি কাজে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিষ্ঠান প্রধানদের নিকট থেকে সংগ্রহ করে ডাটাবেইজ তৈরি করেন। উক্ত তথ্য চাহিদা অনুযায়ী জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্রাদি/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার নাম/পদবি অফিসিয়াল টেলিফোন/মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত শ্রেণি শাখা খোলা, পাঠদান স্বীকৃতি ইত্যাদি | ৩ দিন | প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে আবেদন প্রাপ্তির পর পরিদর্শনের জন্য তারিখ নির্ধারিত করা হয়। নির্ধারিত তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সরেজমিনে বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। প্রাপ্যতা সাপেক্ষে নিশ্চিত হলে বিদ্যালয়ের শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত শ্রেণি শাখা খোলা, পাঠদান স্বীকৃতি ইত্যাদি জন্য সুপারিশ করা হয়। সুপারিশের কপি জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড বরাবর প্রেরণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার ফোন: ০১৭১২-১৬০৯২৮<br>E-mail: deomou@gmail.com |
| ১৫ | মাল্টিমিডিয়া ক্লাস ব্যবস্থাপনা | শিক্ষা প্রতিষ্ঠানে | ডিজিটাল কনটেন্ট তৈরি, শিক্ষক বাতায়নে আপ-লোড দেওয়া নেওয়ার মাধ্যমে শিক্ষকের কৃতিত্ব বৃদ্ধি ও পাশাপাশি শ্রেণি পাঠদানকে আরও যুগোপযোগী, মানসম্মত ও আকর্ষণীয় করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা/সার্বিক সহযোগিতা প্রদান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিনামূল্যে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; ফোন: ০১৭১২-০৩০৮৯৮<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার; ফোন: ০১৭১৬-২৫৪১৭৪<br>সহকারি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>E-mail: useosrimangal@gmail.com | |

স্বাক্ষরিত/-
০৪.০৫.২০২৬
(সামছুন নাহার পারভীন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অ:দা:)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার